

## চালকবিহীন বুলেট ট্রেনের পরীক্ষামূলক যাত্রা জাপানে

- A Monitor Desk Report

Date: 26 November, 2021



প্রথমবারের মতো চালকবিহীন বুলেট ট্রেনের পরীক্ষামূলক যাত্রা শুরু হয়েছে জাপানে। বুধবার ওই যাত্রা প্রত্যক্ষ করতে বিভিন্ন গণমাধ্যমের সদস্যদের আমন্ত্রণ জানানো হয়।

জানা যায়, পূর্ব জাপান রেলওয়ে কোম্পানি কর্তৃক পরিচালিত ১২ কামরার শিনকানসেন ট্রেনটি স্বয়ংক্রিয় ট্রেন পরিচালনা ব্যবস্থা দিয়ে সজ্জিত।

মধ্য জাপানের নিইগাতা জেলায় ৫ কিলোমিটার প্রসারিত একটি রেল লাইনে ট্রেনটি তিন বার দুই দিকে যাতায়াত করেছে এটি।

পরীক্ষার সময় একজন চালক উপস্থিত থাকলেও তিনি নিয়ন্ত্রণ সংক্রান্ত কোনও কিছুতে হাত দেননি বলে জানা গেছে।

চলাচল শুরু হওয়া থেকে শেষে থেমে যাওয়া পর্যন্ত ও গতির নিয়ন্ত্রণও স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন করা হয়েছে।

পরীক্ষামূলক এই যাত্রায় ট্রেনটি ঘণ্টায় প্রায় ১০০ কিলোমিটার বেগে চলছিল।